

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৭২.২০২৩-৩২৭(ক)


তারিখ: ২৪/০২/২০২৫ খ্রি.

**বিষয়: মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের কোডিং সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে 'Hour of Code' ক্যাম্পেইন বাস্তবায়ন।**

সূত্র: এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর স্মারক নং- ৫৬.৮৩.০০০০.০০৮.৯৯.০০১.২০২৫-১৬৩; তারিখ: ২০/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন এবং শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে AI Coding Problem Solving-এর মত এডভান্স প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে 'আওয়ার অব কোড' ক্যাম্পেইনটি পরিচালনা করা হচ্ছে। এই কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীল চিন্তা, সমস্যা সমাধান দক্ষতা, বিশ্লেষণী চিন্তার বিকাশের সুযোগ সৃষ্টি হবে এবং বিজ্ঞান শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে। মাধ্যমিক পর্যায়ে যে কোন শিক্ষার্থী 'আওয়ার অব কোড' এ তাদের যোগ্যতা অনুযায়ী কোডিং শেখার মাধ্যমে দক্ষতা উন্নয়ন করতে পারবে। ইতিমধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার আলোকে মাত্র 'Hour of Code' ক্যাম্পেইনটি সফলভাবে পরিচালিত হচ্ছে এবং উল্লেখযোগ্য সাড়া ফেলেছে। উক্ত কার্যক্রমটিতে সকল শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ করে দিতে 'Hour of Code' কার্যক্রমটি ফেব্রুয়ারি মাস ব্যাপী পরিচালনা করা যেতে পারে।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীদের জন্য Hour of Code ক্যাম্পেইনটি আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত চলমান রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(এস এম জিয়াউল হায়দার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)  
[adshesecondary1@gmail.com](mailto:adshesecondary1@gmail.com)

**বিতরণ ও কার্যার্থে:**

- (১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- (২) জেলা শিক্ষা অফিসার (সকল);
- (৩) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক অনুবিভাগ ১ ও ২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ০৪। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্নয়ন/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ০৬। জেলা প্রশাসক (সকল);
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর; [পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৯। জনাব মো: সাজ্জাদ হোসেন খান, এডুকেশন এক্সপার্ট, ফিউচার অব এডুকেশন, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
- ১০। সভাপতি, গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটি.....;
- ১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.....;
- ১২। সংরক্ষণ নথি।